

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯০৭

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৫. মাসাকাত বা বিনিময়ে তত্ত্বাবধান ও ইজারাহ বা ভাড়া বা ঠিকায় সম্পাদন - নির্দিষ্ট জিনিসের বিনিময়ে জমি কেরায়া ভাড়া করার বৈধতা

আরবী

وَعَنْ حَنْظَلَةَ بْنِ قَيْسٍ قَالَ: سَأَلْتُ رَافِعَ بْنَ خَدِيجٍ _ رضي الله عنه _ عَنْ كِرَاءِ الْأَرْضِ بِالذَّهَبِ وَالْفِضَّةِ? فَقَالَ: لَا بَأْسَ بِهِ, إِنَّمَا كَانَ النَّاسُ يُوَّاجِرُونَ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ _ صلى الله عليه وسلم _ عَلَى الْمَاذِيَانَاتِ, وَأَقْبَالِ الْجَدَاوِلِ, وَأَشْيَاءَ مِنَ الزَّرْعِ, فَيَهْلِكُ هَذَا وَيَهْلِكُ هَذَا وَيَهْلِكُ هَذَا وَلَمْ يَكُنْ لِلنَّاسِ كِرَاءٌ إِلَّا هَذَا, فَلِذَلِكَ زَجَرَ عَنْهُ, فَأَمَّا شَيْءٌ مَعْلُومٌ مَضْمُونٌ فَلَا بَأْسَ بِهِ. رَوَاهُ مُسْلِمٌ وَفِيهِ بَيَانٌ لِمَا أُجْمِلَ فِي الْمُتَّفَقَ عَلَيْهِ مِنْ إِطْلَاقِ النَّهِي عَنْ كِرَاءِ الْأَرْضِ

صحيح. رواه مسلم (1547) (116) (ج 3 ص 1183) والماذيانات: مسايل المياه، وقيل: ما ينبت حول السواقى. وأقبال الجداول: أوائل ورؤوس الأنهار الصغيرة

বাংলা

৯০৭. হানযালাহ বিন কাইস থেকে বর্ণিত, তিনি বলেছেন, আমি রাফি' বিন খাদীজ (রাঃ)-কে সোনা ও রৌপ্যের বিনিময়ে জমি ইজারায় (লাগানোর) বৈধতা সম্বন্ধে জিজ্ঞেস করলে তিনি (সাহাবী রাফি') বললেন, এতে কোন দোষ নেই। লোকেরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে পানি প্রবাহের স্থলে, নহর ও নালার পাড়ের আর কোন ক্ষেতের অংশ বিশেষের বিনিময়ে ঠিকার লেনদেন করত। এসবের কোনটি নষ্ট হয়ে যেত। আর কোনটি ঠিক থাকত এবং কোনটি ঠিক থাকত আর কোনটি নষ্ট হয়ে যেত, আর তখন এসব ঠিক ব্যতীত অন্য কোনরূপ ঠিক ছিল না। এই (অনিশ্চিত অবস্থার) ঠিকা সম্বন্ধেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ধমক দিয়েছেন।

কিন্তু এমন জ্ঞাত বস্তু যা নিশ্চিত ফলপ্রসূ ও জিম্মাদারীর যোগ্য তাতে ঠিকা দেয়ার ব্যবস্থায় কোন দোষ নেই।



অত্র কেতাবের সংকলক আসকালানী (রহঃ) বলেছেন- এ হাদীসটি বুখারী ও মুসলিমে বর্ণিত সাধারণভাবে জমি ঠিকা দেয়ার নিষেধাজ্ঞাসূচক সংক্ষিপ্ত হাদীসটির বিশ্লেষণ স্বরূপ।[1]

ফুটনোট

[1] বুখারী ২২৮৬, ২৩২৭, ২৩৩২, ২৩৩৯, ২৩৪৪, ২৩৪৭, মুসলিম ১৫৪৭, ১৫৪৮, তিরমিয়ী ১২২৪, ১৩৮৪, নাসায়ী ৩৮৬২, ৩৮৬৩, ৩৮৬৪, আবৃ দাউদ ৩৩৯২, ৩৩৯৩, ইবনু মাজাহ ২৪৪৯, ২৪৫৩, আহমাদ ৪৫৭২ মুওয়াত্তা মালেক ১৪/১৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ হানযালা ইবন কায়স আল-আনসারী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন